# হাদীস নং ১

আসসালামু আলাইকুম, ছোট্ট বন্ধুরা! কেমন আছ তোমরা? আজ থেকে আমরা সুন্দর সুন্দর হাদীস পড়ব। আজ পড়ব বুখারি শরিফের এক নম্বর হাদীস। চলো এবার, হাদীসটা পড়ি—

## إِنَّمَا الأَعْمَالُ بِالنِّيَّاتِ

*অর্থ : নিশ্চয়ই সকল কাজ নিয়তের ওপর নির্ভরশীল।*

*(বুখারি, ১; মুসলিম, ১৯০৭)*

এখন থেকে যেকোনো ভালো কাজ করার আগে সুন্দর নিয়ত করে নেবে। আল্লাহকে খুশি করার নিয়তে ভালো কাজ করলে অনেক অনেক সাওয়াব পাবে। বুঝেছ, ছোট্ট বন্ধুরা?



# হাদীস নং ১.১

বন্ধুরা, মন দিয়ে শুনো! শেষ ভালো যার, সব ভালো তার। আমাদের প্রিয় নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কী বলেছেন জানো? তিনি বলেছেন,

## إِنَّمَا الأَعْمَالُ بِالْخَوَاتِيمِ

*অর্থ : সকল কাজ সমাপ্তির ওপর নির্ভরশীল।*

*(বুখারি, ৬৬০৭)*

এ হাদীস থেকে আমরা কী শিখলাম? আমরা শিখলাম, কোনো কাজ সুন্দরভাবে শেষ করতে পারলেই আমরা ভালো ফলাফল পাব। এখন থেকে তোমরা সব কাজ সুন্দরভাবে শেষ করবে। তা হলেই আল্লাহ তোমাদের ভালো কাজটা পছন্দ করবেন। মনে থাকবে তো, বন্ধুরা?



# হাদীস নং ২

বন্ধুরা, আমরা সবাই মুসলিম। তাই আমরা সব সময় নবিজির কথা মেনে চলব। নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের জন্য বলেছেন,

صَلُّوْا خَمْسَكُمْ

অর্থ : পাঁচ ওয়াক্ত সালাত আদায় করো।

(মুসনাদু আহমাদ, ২১৬৫৭; তিরমিযি, ৬১৬)

নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে প্রতিদিন পাঁচ বার সালাত আদায় করতে বলেছেন। তোমরা নবিজির কথামতো প্রতিদিন পাঁচ বার সালাত আদায় করবে। মনে থাকবে তো?



# হাদীস নং ২.১

গত ক্লাসে আমরা কি শিখেছিলাম, মনে আছে তোমাদের? নবিজির কথামতো দিনে পাঁচ বার সালাত আদায় করতে হবে। কিন্তু কীভাবে সালাত আদায় করবে? যেভাবে মন চায় সেভাবে সালাত পড়লেই কি হবে? না, বন্ধুরা! সালাত পড়তে হবে নবিজির মতো। নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

صَلُّوْا كَمَا رَأَيْتُمُوْنِيْ أُصَلِّيْ

অর্থ : তোমরা সেভাবে সালাত আদায় করো, যেভাবে আমাকে আদায় করতে দেখেছ। (বুখারি, ৬৩১)

তাই, নবিজি যেভাবে সালাত আদায় করেছেন তোমরাও সেভাবে সালাত আদায় করবে। তা হলেই আল্লাহ সালাত কবুল করবেন। বুঝেছ তোমরা?



# হাদীস নং ৩

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ। কেমন আছ তোমরা? আজকে আমরা জানব ইসলামের তৃতীয় রুকন বা খুঁটি সম্পর্কে। এটি হচ্ছে সিয়াম। সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত আল্লাহকে খুশি করার নিয়তে সকল প্রকার পানাহার থেকে বিরত থাকার নামই সিয়াম। নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

الصِّيَامُ جُنَّةٌ

অর্থ : সিয়াম ঢাল স্বরূপ।

(বুখারি, ১৮৯৪; মুসলিম, ১১৫১)

অর্থাৎ, সিয়াম আমাদের জন্য ঢাল হিসেবে কাজ করে। সিয়াম আমাদেরকে গুনাহ বা মন্দ কাজ থেকে বিরত রাখে। সিয়াম থাকলে আল্লাহ অনেক খুশি হন।



# হাদীস নং ২৪

আমরা অনেকেই ছোট বাচ্চাদের কোমরে বা পায়ে ঘণ্টা বা ঘুঙুর লাগিয়ে থাকি। কিন্তু এটা ঠিক না। এই ঘণ্টা বা ঘুঙুরকে হাদীসে শয়তানের বাঁশি বলা হয়েছে। নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

اَلْجَرَسُ مَزَامِيرُ الشَّيْطَانِ

অর্থ : ঘণ্টা হলো শয়তানের বাঁশি।

(মুসলিম, ২১১৪)

তাই, ছোটদের শরীরে এসব ঘণ্টা লাগানো উচিত নয়। তোমরা কখনোই শরীরে এসব ঘণ্টা লাগাবে না।



# হাদীস নং ২৬

ঈমানের সত্তরটির অধিক শাখা রয়েছে। তার মধ্যে একটি গুরুত্বপূর্ণ শাখা হচ্ছে লজ্জা। নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

## اَلْحَيَاءُ شُعْبَةٌ مِنَ الْإِيْمَانِ

*অর্থ : লজ্জা ঈমানের একটি শাখা।*

*(বুখারি, ৯; মুসলিম, ৩৫)*

লজ্জা হলো মুসলিমদের ভূষণ। যার লজ্জা নেই, তার ঈমান ধ্বংসের মুখে পতিত হয়।



# হাদীস নং ২৭

বন্ধু নির্বাচন খুব গুরুত্বপূর্ণ একটি বিষয়। মানুষ যাকে ভালোবাসে তার সাথেই সময় কাটাতে পছন্দ করে। আর যার সাথে তার ঘনিষ্ঠতা বেশি, আখিরাতে তারা একসাথে থাকবে। নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

اَلْمَرْءُ مَعَ مَنْ أَحَبَّ

অর্থ : মানুষ যাকে ভালোবাসে, সে (পরকালে) তারই সঙ্গী হবে।

(বুখারি, ৬১৬৮; মুসলিম, ২৬৪০)

তোমরা সবসময় নেককারদের সাথে বন্ধুত্ব করবে। অসৎ সঙ্গ এড়িয়ে চলবে।



# হাদীস নং ২৮

আজকে আমরা আরও একটি গুরুত্বপূর্ণ হাদীস শিখব। নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

بَلِّغُوْا عَنِّيْ وَلَوْ آيَة

**অর্থ : আমার পক্ষ থেকে একটি আয়াত হলেও পৌঁছে দাও।**

(বুখারি, ৩৪৬১)

নবিজি তাঁর কথাগুলো অন্যদের মাঝে প্রচার করতে বলেছেন। তোমরাও যেসব হাদীস শিখবে, সেগুলো তোমাদের বন্ধুদের মাঝে প্রচার করে দেবে। মনে থাকবে?



# হাদীস নং ২৯

আমরা সবাই নবিজির উম্মত। কিন্তু আমরা কেউ যদি মানুষকে ধোঁকা দিয়ে বেড়াই, তা হলে আর নবিজির উম্মত থাকতে পারব না। নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

مَنْ غَشَّ فَلَيْسَ مِنِّيْ

*অর্থ : যে ধোঁকা দেয়, সে আমার দলভুক্ত নয়।*

(মুসলিম, ১০২)

তোমরাই বলো, নবিজির উম্মত থেকে বের হয়ে গেলে তোমরা কি জান্নাতে যেতে পারবে? কক্ষনোই না। তাই বন্ধুরা, তোমরা কখনোই কাউকে ধোঁকা দেবে না।

